



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/24/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ডাঃ জেমস ভি. ম্যাকডোনাল্ডকে স্বাস্থ্য কমিশনার হিসেবে দায়িত্ব
পালনের জন্য মনোনীত করলেন

*নিউ ইয়র্ক, রোড আইল্যান্ড এবং নাভাহো নেশনে জনস্বাস্থ্য ক্ষেত্রে বহু দশকের
অভিজ্ঞতা সহ-প্রশিক্ষিত শিশুরোগ বিশেষজ্ঞকে গভর্নর মনোনীত করেছেন*

ডাঃ ম্যাকডোনাল্ড বর্তমানে ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার হিসেবে দায়িত্বরত আছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) কমিশনার হিসেবে দায়িত্ব পালনের জন্য ডাঃ জেমস ভি. ম্যাকডোনাল্ড M.D., M.P.H. কে মনোনীত করার ঘোষণা করেছেন। ডাঃ ম্যাকডোনাল্ড একজন বিশেষজ্ঞ জনস্বাস্থ্য পেশাদার যিনি 1 জানুয়ারি থেকে নিউ ইয়র্কের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন।

"নজিরবিহীন জনস্বাস্থ্য সঙ্কট চলাকালীন সময়ে, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ নিউ ইয়র্কবাসীকে নিরাপদ এবং স্বাস্থ্যবান রাখতে অসাধারণ কাজ করেছে," **গভর্নর হোকল বলেন।** "ডাঃ জেমস ভি. ম্যাকডোনাল্ড একজন প্রতিভাবান জনস্বাস্থ্য নেতা যার আমাদের স্বাস্থ্য বিভাগকে নেতৃত্ব দেওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা ও অভিজ্ঞতা রয়েছে। অতি গুরুত্বপূর্ণ এই পদের জন্য তাকে মনোনীত করতে পেরে আমি গর্বিত, এবং আমি সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য সুরক্ষিত রাখতে তার সাথে কাজ করতে উন্মুখ।"

"নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার হিসেবে দায়িত্ব পালন করা সারা জীবনের জন্য একটি সম্মাননা," **ডাঃ জেমস ভি. ম্যাকডোনাল্ড বলেন।** "আমি আমার প্রতি গভর্নর হোকলের আত্মবিশ্বাসের কারণে তার প্রতি অত্যন্ত কৃতজ্ঞ, এবং আমি নিউ ইয়র্কবাসীর সেবার জন্য স্বাস্থ্য বিভাগে আমার সহকর্মীদের সাথে কাজ অব্যাহত রাখার জন্য উন্মুখ।"

ডাঃ জেমস ভি. ম্যাকডোনাল্ড নিউ ইয়র্কের একজন স্থানীয় অধিবাসী যার মূল আবাস কোহোয়েসে এবং তিনি সিয়েনা কলেজ (Siena College) থেকে ব্যাচেলর্স ডিগ্রি অর্জন করেছেন। তিনি 2022 সালের জুলাই মাসে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগে যোগদান করেন, সেখানে তিনি বিভাগের জনস্বাস্থ্য অফিসে (Office of Public Health) মেডিকেল পরিচালকের দায়িত্ব পালন

করেন। পরে তিনি সম্প্রদায়ের স্বাস্থ্য কেন্দ্রের অন্তর্বর্তীকালীন পরিচালক হিসেবে নিয়োগ পান এবং এই বছরের 1 জানুয়ারি থেকে ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার হিসেবে দায়িত্ব পালন শুরু করেন।

নিউ ইয়র্কে ফেরত আসার পূর্বে, ডাঃ ম্যাকডোনাল্ড রোড আইল্যান্ড স্বাস্থ্য বিভাগে (Rhode Island Department of Health) এক দশক কাটিয়েছেন, যেখানে তিনি একাধিক পদে দায়িত্ব পালন করেছেন যার মধ্যে ছিলো অন্তর্বর্তীকালীন স্বাস্থ্য পরিচালক, মেডিকেল লাইসেন্স ও ডিসিপ্লিন বোর্ডের (Board of Medical Licensure and Discipline) প্রধান প্রশাসনিক কর্মকর্তা, কোভিড ইউনিটের মেডিকেল পরিচালক এবং সেই সাথে গ্রাহক সেবা কেন্দ্রের (Center for Customer Services) এবং মাদক ওভারডোজ প্রতিরোধ কর্মসূচির (Drug Overdose prevention program) পরিচালক। এছাড়াও তিনি ওভারডোজে মৃত্যু প্রতিরোধে গভর্নরের টাস্কফোর্সের একজন সদস্য ছিলেন। ব্রাউন পাবলিক হেলথ স্কুল (Brown School of Public Health) এবং ব্রাউন ইউনিভার্সিটির (Brown University) ওয়ারেন অ্যালপার্ট মেডিকেল স্কুলের (Warren Alpert Medical School) ফ্যাকাল্টিতে ডাঃ ম্যাকডোনাল্ডের অ্যাপয়েন্টমেন্ট রয়েছে।

ডাঃ ম্যাকডোনাল্ড শিকাগোর লয়োলা স্ট্রিচ মেডিসিন স্কুল (Loyola Stritch School of Medicine) থেকে তার M.D পেয়েছেন, মার্কিন নৌবাহিনীতে (U.S. Navy) তার শিশুরোগ সংক্রান্ত রেসিডেন্সি , এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটিতে (State University of New York, SUNY) তার প্রতিরোধমূলক চিকিৎসা রেসিডেন্সি করেছেন। তিনি চ্যাপেল হিলের নর্থ ক্যারোলিনা ইউনিভার্সিটি (University of North Carolina) থেকে MPH এবং সিয়েনা কলেজ থেকে জীববিজ্ঞানে তার B.S. অর্জন করেছেন। ডাঃ ম্যাকডোনাল্ড শিশুরোগ এবং প্রতিরোধমূলক চিকিৎসায় বোর্ড প্রত্যয়ন পেয়েছেন।

তার বৈচিত্র্যময় ক্যারিয়ারে মার্কিন নৌবাহিনীর অফিসারশিপ এবং সেই সাথে গ্রামীণ এলাকায়, যেখানে স্বাস্থ্যসেবায় ঘাটতি রয়েছে সেখানে ব্যক্তিগত প্র্যাকটিস করা রয়েছে। ডাঃ ম্যাকডোনাল্ড এছাড়াও নাভাহো নেশনে ইন্ডিয়ান স্বাস্থ্য সেবাসে (Indian Health Service) অ্যারিজোনার শিনলেতে আউটপেশেন্ট মেডিসিনের মেডিকেল পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)